# বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড

Office of the
Executive Engineer
Jhalakathi WD Division
BWDB, Jhalakathi.
Phone : Office : 0498-63440

নির্বাহী প্রকৌশলীর দপ্তর
ঝালকাঠী পানি উন্নয়ন বিভাগ
বাপাউবো, ঝালকাঠী
ফোন ঃ অফিস ঃ ০৪৯৮-৬৩৪৪০

E-mail: xen.jhalakathi@gmail.com

স্মারক নং-নিঃ প্রঃ/ঝাল/গ-১/১৩৬৮ তারিখঃ ১৩/১২/২০১৮খ্রিঃ।

## নিলাম বিজ্ঞপ্তি নং-০১/২০১৮-১৯

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ঝালকাঠী পানি উন্নয়ন বিভাগ, বাপাউবো,ঝালকাঠী এর দপ্তরে ব্যবহৃত নিম্নলিখিত অকেজো/অব্যবহারযোগ্য মালামাল সমূহ তত্ত্বাবধায়ক প্রকৌশলী, বরিশাল পওর সার্কেল, পাউবো, বরিশাল মহোদয়ের দপ্তর স্মারক নংঃ ১এস-১০/১৮১২ তারিখঃ ১১/১২/২০১৮ মাধ্যমে অকেজো ঘোষিত **৫টি মোটর সাইকেল (গ্রুপ ক), যন্ত্রাংশ (গ্রুপ খ) (কম্পিউটার,মনিটার, ফটোকপি মেশিন,লেভেল মেশিন ও স্টান্ড,গাড়ীর টায়ার ও অন্যান্য অফিস যন্ত্রাংশ ইত্যাদি), কাঠের আসবাবপত্র (গ্রুপ-গ) (চেয়ার, টেবিল, আলমারী,দরজার পাল্লা ইত্যাদি) এবং স্টীল বা লোহার আসবাবপত্র/মালামাল(গ্রুপ-ঘ) (সিন্দুক,আলমারী, ফাইল কেবিনেট, টেউ টিন,জানালার গ্রীল/ ফ্লাট বার ইত্যাদি)** প্রকাশ্যে নিলামে বিক্রি করা হবে। বিস্তারিত মালামালের বিবরণ অত্র দপ্তর হতে অফিস চলাকালীন সময়ে সংগ্রহ করার জন্য অনুরোধ করা হলো।

**শর্তাবলী ঃ**

১। নিলাম ডাকে অংশগ্রহণে আগ্রহী ব্যক্তি/প্রতিষ্ঠানকে যে কোন তফসিল ব্যাংক হতে হিসাব রক্ষণ কর্মকর্তা, আঞ্চলিক হিসাব কেন্দ্র (র‍্যাক), বাপাউবো, বরিশাল বরাবরে নিম্নোক্ত তালিকা অনুযায়ী গ্রুপভিত্তিক ডিডি/পে-অর্ডার করে ডাক আরম্ভ হওয়ার ৩০ মিনিট পূর্বে অর্থাৎ আগামী ০৮-০১-২০১৯ খ্রিঃ তারিখ রোজ মঙ্গলবার সকাল ১১.০০ ঘটিকার মধ্যে নিলাম আহবানকারী কর্তৃপক্ষের নিকট জামানত হিসাবে জমা দিয়ে ডাককারী হিসাবে নাম তালিকাভূক্ত করতে হবে।

২। গ্রুপ ভিত্তিক নিলাম প্রক্রিয়া নিম্নবর্নিত সময় সূচী অনুযায়ী ঝালকাঠী পানি উন্নয়ন বিভাগ, বাপাউবো,ঝালকাঠী দপ্তরে প্রকাশ্যে অনুষ্ঠিত হবে।

| ক্রমিক নং | গ্রুপ নম্বর | তারিখ | নিলাম অনুষ্ঠানের সময় | নিলামে অংশ গ্রহনের জন্য ডিডি/পে অর্ডারের টাকার পরিমান |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| ১। | গ্রুপ-ক | ০৮/০১/২০১৯ | ১১.৩০ ঘটিকা | ১৫০০/- |
| ২। | গ্রুপ-খ | | ১১.৪৫ ঘটিকা | ২৫০/- |
| ৩। | গ্রুপ-গ | | ১২.০০ ঘটিকা | ২৫০/- |
| ৪। | গ্রুপ-ঘ | | ১২.১৫ ঘটিকা | ১০০০/- |

৩। নিলাম ডাকে অংশগ্রহণে আগ্রহী ব্যক্তি/প্রতিষ্ঠান দপ্তর চলাকালীন সময়ে নিলাম ডাকের পূর্বে কর্তৃপক্ষের সহিত যোগাযোগ করিয়া নিলামকৃত মালামাল দেখে নিতে পারবেন।

৪। ডাক শেষ হওয়ার পর শুধুমাত্র কৃতকার্য সর্বোচ্চ ডাককারীর জামানত রেখে অন্য ডাককারীগণের জামানত ফেরত প্রদান করা হবে।

৫। সর্বোচ্চ ডাকের সমূদয় অর্থ ডাককারী হিসাব রক্ষণ কর্মকর্তা, আঞ্চলিক হিসাব কেন্দ্র (র‍্যাক), বাপাউবো, বরিশাল বরাবরে ডিডি আকারে এবং ভ্যাট ও উৎসকর ট্রেজারী চালানের মাধ্যমে জমা প্রদানের পর কার্যাদেশ প্রদান করা হবে।

৬। নিলামের মালামাল গোডাউন থেকে বুঝে নেওয়ার পর জামানতের পে-অর্ডার ফেরত দেওয়া হবে।

৭। ডাক শেষ হওয়ার ৩ (তিন) কার্য-দিবসের মধ্যে ডাকের সমূদয় অর্থ ডিডি/পে-অর্ডার আকারে হিসাব রক্ষণ কর্মকর্তা, আঞ্চলিক হিসাব কেন্দ্র (র‍্যাক), বাপাউবো, বরিশাল বরাবর জমা দিতে হবে এবং একই সময়ের মধ্যে সরকারী নিয়ম অনুযায়ী ডাককারীকে ডাকের টাকার অতিরিক্ত ভ্যাট এবং উৎসকর ট্রেজারী চালানের মাধ্যমে জমা প্রদান পূর্বক কার্যাদেশ গ্রহণ করতে হবে। সর্বোচ্চ ডাককারী যথাসময়ে ডাকের অর্থের ব্যাংক ড্রাফট, ভ্যাট ও উৎসকর প্রদানে ব্যর্থ হলে সর্বোচ্চ ডাককারীর ডাক বাতিল এবং জামানত বাজেয়াপ্ত করা হবে।

৮। **নিলাম ডাকে সর্বোচ্চ ডাককারী কার্যাদেশ পাওয়ার পর অনধিক ৭(সাত) কর্মদিবসের মধ্যে নিজ দায়িত্বে নিলামকৃত মালামাল যেখানে যে অবস্থায় আছে সেখান থেকেই সংগ্রহ ও সংরক্ষণ করবেন। কোন প্রকার ক্ষয়ক্ষতির জন্য কর্তৃপক্ষকে দায়ী করা যাবে না।**

৯। নিলামে সর্বোচ্চ ডাকের টাকার পরিমাণ যথাযথ কর্তপক্ষ কর্তৃক অনুমোদিত হতে হবে। সর্বোচ্চ ডাকের টাকা সন্তোষজনক না হলে কর্তৃপক্ষ একাধিবার পুনঃডাক আহবান করতে পারবে। তাতে কারো কোন আপত্তি গ্রহণযোগ্য হবে না।

১০। অকেজো মালামাল সংগ্রহের সময় অত্র দপ্তরের কোন সম্পদের ক্ষতি হলে তার ক্ষতিপূরণ নিলাম ডাকে সর্বোচ্চ ডাককারীকেই বহন করতে হবে।

১১। নিম্নস্বাক্ষরকারী প্রয়োজনবোধে এ বিজ্ঞপ্তি সম্পূর্ন বাতিল/স্থগিত/ সংশোধন করার ক্ষমতা সংরক্ষণ করেন।

**(এস,এম,আতাউর রহমান)**
নির্বাহী প্রকৌশলী
**পরিচিত নং ৬৭০৩১৭০০১**
ঝালকাঠী পানি উন্নয়ন বিভাগ
বাপাউবা,ঝালকাঠী।

স্মারক নং-নিঃ প্রঃ/ঝাল/গ-১/১৩৬৮ তারিখঃ ১৩/১২/২০১৮খ্রিঃ

অনুলিপি সদয় অবগতি/ অবগতি ও বহুল প্রচারের জন্য (মালামালের বিবরনীসহ) প্রেরণ করা হলো ঃ

১। প্রধান প্রকৌশলী, দক্ষিণাঞ্চল, বাপাউবো, বরিশাল।

২। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, বরিশাল পওর সার্কেল, পাউবো, বরিশাল।

৩। পরিচালক, হিসাব রক্ষণ পরিদপ্তর, বাপাউবো, ঢাকা।

৪। পরিচালক, অডিট পরিদপ্তর, বাপাউবো, ঢাকা।

৫। পরিচালক,সম্পত্তি ও যানবাহন পরিদপ্তর,বাপাউবো,ঢাকা।

**৬। পরিচালক, প্রচার সেল, বাপাউবো, ঢাকা। দৈনিক পত্রিকায় প্রচারের জন্য অনুরোধ করা হলো।**

৭। জেলা প্রশাসক, ঝালকাঠী।

৮। পুলিশ সুপার, ঝালকাঠী।

৯। নির্বাহী প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, ঝালকাঠী।

১০। নির্বাহী প্রকৌশলী, সড়ক ও জনপথ বিভাগ, ঝালকাঠী।

১১। নির্বাহী প্রকৌশলী, গনপূর্ত অধিদপ্তর,ঝালকাঠী।

১২। নির্বাহী প্রকৌশলী,জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর,ঝালকাঠী।

১৩-১৪। উপ-বিভাগীয় প্রকৌশলী, ঝালকাঠী পওর উপ-বিভাগ/ঝালকাঠী পানি উন্নয়ন উপ- বিভাগ, বাপাউবো, ঝালকাঠী।

১৫। উপজেলা নির্বাহী কর্মকর্তা, ঝালকাঠী সদর, ঝালকাঠী।

**১৬। ভারপ্রাপ্ত কর্মকর্তা, ঝালকাঠী থানা, ঝালকাঠী। আপনাকে আগামী ০৮-০১-২০১৯ খ্রিঃ তারিখ সকাল ১১.০০ ঘটিকা হতে ঝালকাঠী পানি উন্নয়ন বিভাগ এর দপ্তর ক্যাম্পাসের অভ্যন্তরে প্রকাশ্যে নিলাম ডাকের স্থানে আইন শৃংখলা বজায় রাখার স্বার্থে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানানো হলো।**

১৭। হিসাব রক্ষণ কর্মকর্তা, আঞ্চলিক হিসাব কেন্দ্র (র‍্যাক), বাপাউবো, ঝালকাঠী।

১৮। সভাপতি/সম্পাদক, প্রেসক্লাব, ঝালকাঠী।

**১৯। উপ-সহকারী প্রকৌশলী/শাখা কর্মকর্তা, ঝালকাঠী পওর শাখা-১, বাপাউবো, ঝালকাঠী। তাঁকে নিলাম ডাক অনুষ্ঠানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য বলা হলো।**

২০। জনাব.......................................................................................

২১। নোটিশ বোর্ড।

২২। দপ্তর কপি।

নির্বাহী প্রকৌশলী
ঝালকাঠী পানি উন্নয়ন বিভাগ
বাপাউবো,ঝালকাঠী।